রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, অক্টোবর ২৫, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/১৯ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ৩১৬-আইন/২০১৬।**—নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন), অতঃপর নিরাপদ খাদ্য আইন বলিয়া উল্লিখিত, এর উদ্দেশ্য পূরণকল্পে সরকার, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, উক্ত আইনের ধারা ৬৪ এর—

(ক) উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে—

(অ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার জন্য স্পেশাল ম্যাজিস্ট্রেট আদালত (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন); এবং

(আ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার জন্য স্পেশাল ম্যাজিস্ট্রেট আদালত (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন);

-কে এতদ্দ্বারা বিশুদ্ধ খাদ্য আদালত হিসাবে নির্ধারণ করিল; এবং

(খ) উপ-ধারা (৩) এর বিধান অনুসারে দফা (ক) এ উল্লিখিত এলাকাসমূহকে সংশ্লিষ্ট বিশুদ্ধ খাদ্য আদালতের অধিক্ষেত্র হিসাবে নির্ধারণ করিল।

২। আইন ও বিচার বিভাগের ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৯০-আইন/২০১৫ এর দফা ১ এর উপ-দফা (ক) এর ক্রমিক নং-(২) এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি এতদ্দ্বারা বিলুপ্ত করা হইল।

৩। দফা ২ এ উল্লিখিত প্রজ্ঞাপনের বিলুপ্ত ক্রমিকের বিপরীতে উল্লিখিত এন্ট্রি ১৯ নং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে নিরাপদ খাদ্য আইনের অধীন বিচারাধীন মামলা দফা ১ এর উপ-দফা (ক) এ উল্লিখিত সংশ্লিষ্ট স্থানীয় অধিক্ষেত্র সম্পন্ন স্পেশাল ম্যাজিস্ট্রেট আদালত (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন) এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট আদালত (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন)-এ স্থানান্তরিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোশতাক আহাম্মদ**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd